# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
**Sylhet Gas Fields Limited**
**(A Company of Petrobangla)**

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

সূত্র নং-২৮.২০.৯১৫৩.০২২.০৫.০০৬.১৬ তারিখঃ ০৫-১২-২০১৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে অনলাইনে (Online) বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল) | ৩ | গ্রেড-৯ টাকা ২২০০০-৫৩০৬০ | অনূর্ধ্ব ৩০ বছর | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি এবং পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি ১ম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোন পর্যায়ে ৩য় শ্রেণী/ বিভাগ/সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |
| ২। | সহকারী ব্যবস্থাপক (মেকানিক্যাল) | ৫ | | | |
| ৩। | সহকারী ব্যবস্থাপক (কেমিক্যাল) | ৪ | | | |
| ৪। | সহকারী ব্যবস্থাপক (সিভিল) | ৩ | | | |
| ৫। | সহকারী ব্যবস্থাপক (পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং) | ২ | | | |
| ৬। | সহকারী ব্যবস্থাপক (ভূতত্ত্ব) | ২ | গ্রেড-৯ টাকা [illegible] | অনূর্ধ্ব ৩০ বছর | সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তরসহ সম্মানে ২য় শ্রেণী এবং পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি ১ম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকলে আবেদনে বিবেচিত হবে না। |

BDCAREER.NET

**শর্তাবলীঃ**

১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://sgfl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৫-১২-২০১৬, সকাল ১০.০০ ঘটিকা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৫-০১-২০১৭, বিকাল ০৫.০০ ঘটিকা
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS: SGFL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SGFL ABCDEF

*Reply:* **Applicant's Name, Tk-........................ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SGFL<Space>Yes<Space>PIN and send to 16222.**

দ্বিতীয় SMS: SGFL<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SGFL YES 12345678

Reply: *Congratulations Applicant's Name, payment completed successfully for SGFL Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://sgfl.teletalk.com.bd অথবা, SGFL Website: www.sgfl.gov.bd এর **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে SGFL<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: SGFL HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলেঃ SGFL<space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222.

Example: SGFL HELP PIN 12345678

২। ফলাফল প্রত্যাশী (Appeared) প্রার্থীর আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও SGFL এর ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

৬। আবেদনকারীর বয়স ০৫-০১-২০১৭ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনকারীর/প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের জন্য হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৭। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিল সহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। দেশের প্রত্যন্ত অঞ্চলে (এসজিএফএল এর অধিকারভুক্ত এলাকা) কাজ করতে অনাগ্রহী প্রার্থীদের আবেদন করা প্রয়োজন নেই।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা অর্থ প্রদান করা হবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জিডি-২৪৮০ মহাব্যবস্থাপক (প্রশাসন)

Visit commontarget.net regularly to get latest Education News